

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

প্রেস বিজ্ঞপ্তি

বাকৃবিতে “প্রফেসর ড. এম আফজাল হোসেন এর সংবর্ধনা” অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ অক্টোবর ০৪) ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের আয়োজনে আজ সোমবার ০৪ অক্টোবর সকাল ১১:০০ টায় প্রফেসর ড. এম আফজাল হোসেন ইউজিসি- বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশীপ ২০২১ পাওয়ায় তাকে সংবর্ধনা দেয়া হয়।

প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ এর আয়োজনে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. মো. আজিজুল হক, গেস্ট অব অনার হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির সাবেক শিক্ষক ও শিল্পপতি এনায়েতউদ্দিন মোঃ কায়সার খান।

প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ড. চয়ন গোস্বামীর সভাপতিত্বে এবং সহযোগী প্রফেসর ড. মোঃ রিজওয়ানুল হকের সালনায় বাকৃবির করিম ভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. জয়নাল আবেদীন, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. এ. কে.এম. জাকির হোসেন, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ আবু হাদী নূর আলী খান। সংবর্ধনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ বক্তব্য রাখেন এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

(ড.

আমিনুর রহমান চৌধুরী)

পরিচালক

ଜସସଂଯୋଗ ଓ ପ୍ରକାଶନା ଦଫତର

ବାକ୍ସି, ମୟମନସିଂହ